দৈনিক বাংলা

8

তারিখ 26 FEB 1992
পৃষ্ঠা 7 কলাম 6

# স্কুল পাঠ্য বইয়ের সংকট

নয়া শিক্ষাবর্ষের শুরুতেই দেশব্যাপী উচ্চ বিদ্যালয়ের ছাত্ররা-মারাত্মক পাঠ্য-পুস্তক সমস্যার সম্মুখীন হচ্ছে। কারণ, পাঠ্য পুস্তক এখনো বইয়ের দোকানে পৌছেনি। খবরইউএনবির।

ছাত্রদের অভিযোগ : অবশ্য
(৭-এর পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## সংকট (প্রথম পৃঃ পর)

পাঠ্যবিষয়ের বেশ কিছু বিষয়ের বেশ কিছু সংখ্যক একান্ত প্রয়োজনীয় বইয়ের অভাবে ষষ্ঠ শ্রেণী থেকে নবম শ্রেণীর ছাত্রদের লেখা-পড়ায় মারাত্মক বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

ঢাকা নগরীর পুস্তক ব্যবসায়ীরা বেশ কিছু পাঠ্যপুস্তকের অভাবে কথা স্বীকার করেছেন। অপরদিকে, প্রকাশকরা এখনও কিছু পাঠ্যপুস্তক ছাপার কাজই শুরু করেননি।

বাজারে যেসব বই পাওয়া যাচ্ছে, তার উচ্চমূল্যের বিষয় সম্পর্কে জানতে চাওয়া হলে পুস্তক ব্যবসায়ীরা বলেন, প্রকাশকরা নির্ধারিত মূল্যের চেয়ে অনেক বেশী দামে বাজারেবইছাড়ছে।

স্কুল টেক্সট বুক বোর্ডের পদস্থ কর্মকর্তাদের সঙ্গে এ ব্যাপারে যোগাযোগ করা হলে, তারা বলেন, বিষয়টি তারা অবহিত আছেন।